দুঃসাহসী

টিনটিন

‘পেতি ভ্যাঁতিয়েম’ কাগজের সাংবাদিক

১৯ শে ডিসেম্বর ১৯৫৭ সালে “স্পিরো” সাময়িক পত্রে প্রস্তাবিত চিত্রনাট্য অনুসারে **হার্জের** সৃষ্ট চরিত্র অবলম্বনে **রোডিয়ার** চিত্রিত টিনটিনের প্রথম অভিযান

অনুবাদ এবং বর্ণবিন্যাস ঃ সুদীপ

দুঃসাহসী

টিনটিন

‘পেতি ভ্যাঁতিয়েম’ কাগজের সাংবাদিক

কিছুক্ষন পরে . . .
RESTAURANT DE LA COUPOLE
POLICE

মিকি মার্টিন ? আমাদের সঙ্গে চলুন ।
আমি এখন খেতে বসেছি . . . আর তাছাড়া আমি তো কিছু করিনি !

আমি প্রতিবাদ জানাচ্ছি ! আমি নির্দোষ !

কোনো লাভ নেই , মার্টিন । এই যে ওয়ারেন্ট । আমরা আপনার বাড়ি সার্চ করব ।
কিন্তু আপনারা আমার কাছে কি চাইছেন ?

কিছু না জানার ভান করবেন না । গতকাল ওয়েষ্টার্ন ব্যাঙ্কে ডাকাতি হয়েছে । ডাকাতির ধরণ যে আপনার স্টাইলের সঙ্গে একদম মিলে যাচ্ছে ।

POLICE

কি বললেন , গতকাল ? তাহলে আপনার দুর্ভাগ্যই বলতে হবে , ইন্সপেক্টর । আমি ইটালি থেকে আজই ফিরলাম । এই ঘন্টা দু'এক আগে আমি ট্রেন থেকে নেমেছি . . . আমার সাক্ষি আছে . . .

ঠিক আছে , দেখা যাবে . . .
আমার বাড়ির কাজের লোকের সঙ্গে কথা বলে দেখতে পারেন ।

সত্যি বলছি হুজুর । বাবু যাওয়ার আগে আমায় বাড়ির চাবি দিয়ে যান। তারপর থেকে কেউ বাড়িতে ঢোকেনি , এমনকি আমিও না ।

তাহলে , এই তিনদিন বাড়িতে কেউ ঢোকেনি , তাই তো ? এমনকি আপনিও না ? ঠিক আছে , তবু আমরা মনের শান্তির জন্য একটু খুঁজে দেখি . . .

রিরিরিরিরিরিরিরিরিরিং
?
!

কি হল ব্যাপারটা ?!

কোথায় ঘন্টি বাজছে?
দাঁড়ান ! আমার সঙ্গে আসুন ! . . .

এ তো দেখছি একটা অ্যালার্ম ক্লক বাজছে ।

. . . একটু পরে . . .
না ইনসপেক্টর , আমরা সম্ভাব্য সব জায়গাতেই খুঁজে দেখেছি । সন্দেহজনক কিছুই পাইনি ।

হ্যাঁ , অবশ্যই আছে !
?
SNAP!

শুনুন , ইন্সপেক্টার . . . ? . . . . !
. . . ?

আরে! আপনি তো ঠিকই বলেছেন!

মিকি মার্টিন , আপনাকে গ্রেফতার করা হল । আপনার অ্যালিবাই একদম ঠিকঠাক ছিল , কিন্তু আপনি যে একটা বোকার মত ভুল করে বসেছেন !

পরে , পেতি ভ্যাঁতিয়েম কাগজের দপ্তরে . . .
টিনটিন , তোমায় অভিনন্দন জানাই । মিকি মার্টিনের ওপর তোমার লেখাটা সাড়া ফেলে দিয়েছে।

কিন্তু তুমি বুঝলে কি করে যে ওর অ্যালিবাই মিথ্যে ছিল ?
খুব সোজা , অ্যালার্ম ক্লকটাই হল সূত্র ।

তিনদিন ধরে ওই বাড়িতে যদি কেউ না ঢুকেই থাকবে তাহলে অ্যালার্ম ক্লকটা সেট করল কে ? মিকি মার্টিন সেদিন সকালেই কোনো একটা কাজ মনে করার জন্য অ্যাল্যর্ম দিয়ে রেখেছিল ।

দারুণ যুক্তি । আমার মনে হয় তুমি ভবিষ্যতে রিপোর্টার হিসেবে বেশ নাম করতে পারবে ।
ধন্যবাদ !

তাহলে তোমার প্রথম বড় মাপের প্রতিবেদনের জন্য সোভিয়েত দেশে যেতে কোনো আপত্তি আছে ?
আপনি ঠিক বলছেন , স্যার ?.

চল , তাড়াতাড়ি তৈরী হয়ে নে কুট্টুস । একটা রোমাঞ্চকর প্রতিবেদনের জন্য আমাদের সোভিয়েত দেশে যেতে হবে ।
একটা একঘেয়ে জীবন শেষ হল ।

সমাপ্ত